

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান শাখা-৪

নং-০৭.০০.০০০০.১২৯.০০.০০৫.১২-১২৩, তারিখ: ১৪/০৭/১৪২৪বাঃ/২৯/১০/২০১৭খ্রিঃ  
পরিপত্র

বিষয়ঃ **The Contributory Provident Fund Rules, 1979** এর Rule 8 এর 1(b)  
এবং Rule 11(2) যথাযথ পরিপালন সংক্রান্ত।

উর্পর্যুক্ত বিষয়ে সরকারের পেনশন স্কীমের আওতা বহির্ভূত রাষ্ট্রায়ত্ত্ব/স্ব-  
শাসিত/বিধিদ্ধ সংস্থা এবং অধিনস্থ অংগ প্রতিষ্ঠানসমূহের কর্মচারীদের জন্য প্রযোজ্য  
The Contributory Provident Fund Rules, 1979 এর Rule 8 এর 1(b) এবং Rule  
11(2) এর বিধানসমূহ অভিন্নভাবে প্রতিপালন হচ্ছে না। The Contributory  
Provident Fund Rules, 1979 এর Rule 8 এর 1(b) এবং Rule 11(2) অভিন্নভাবে  
প্রতিপালনের সুবিধার্থে নিম্নরূপ নির্দেশনা জারি করা হলঃ

(ক) Rule 8 এর 1(b) অনুযায়ী বর্ণিত তহবিলে মাসিক কর্তনের পরিমাণচাঁদা দাতার  
মূল বেতনের ৮- % এর কম হবে না। ভগ্নাংশ পরিহার করে মাসিক কর্তনের পরিমাণ  
চাঁদা দাতার মূল বেতনের সর্বোচ্চ ১০% (দশ শতাংশ) নির্ধারণ করা হল।

(খ) মাসিক কর্তনের পরিমাণ সর্বোচ্চ ১০% হলেও Rule 11(2) অনুযায়ী সংশ্লিষ্ট  
প্রতিষ্ঠানের Contribution চাঁদা দাতার মূল বেতনের ৮-% এর সমান হবে।

২। উপরোক্ত নির্দেশনাসমূহ অনুসরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য  
নির্দেশক্রমে অনুরোধ করা হল।

( মোহাম্মদ আবু ফারুক )  
যুগ্ম সচিব  
অর্থ বিভাগ